

কৃষি গবেষণায় বৃত্তি দেবে ভারত

কূটনৈতিক প্রতিবেদক ▷

ভারতীয় কৃষি গবেষণা কাউন্সিল (আইসিএআর) ২০১৫-১৬ অর্থবছরে নেতাজি সুভাষ-আইসিএআর ইন্টারন্যাশনাল ফেলোশিপ-এর জন্য বাংলাদেশীদের কাছে আবেদনপত্র আদায় করেছে। গতকাল সোমবার ঢাকায় ভারতীয় হাইকমিশন এক বিজ্ঞপ্তিতে এ কথা জানায়। এতে বলা হয়, নিএইচডি ডিগ্রিনুখী, ওই কর্মসূচির জন্য ফেলোশিপের সংখ্যা ৩০। চিহ্নিত অগ্রাধিকার খাতগুলোতে ভালো প্রার্থী প্রাপ্যতার ওপর ফেলোশিপের জন্য ভারতীয় ও বিদেশির সংখ্যা ঠিক করা হবে। নেতাজি সুভাষ-আইসিএআর ইন্টারন্যাশনাল ফেলোশিপ সম্পর্কিত সব তথ্য আইসিএআরের ওয়েবসাইটে (www.icar.org.in) পাওয়া যাবে। আগামী ৩০ জুনের মধ্যে আবেদনের এক কপি ই-মেইলে (adgqr@gmail.com) এবং দুই কপি ডাকযোগে (The Assistant Director General (EQR), Education Division, ICAR, Krishi Anusandhan Bhawan II, Pusa, New Delhi-110012) পাঠাতে হবে। এ সম্পর্কে আরো তথ্যের জন্য ঢাকায় ভারতীয় হাইকমিশনের অর্থনৈতিক ও প্রজ্ঞপ্তি উইংয়ে যোগাযোগ (ফোন : ৯৮৮৮৭৮৯-৯১ এক্সটেনশন ১৪৫, ই-মেইল eco@hcidhaka.gov.in অথবা eco2@hcidhaka.gov.in) করা যেতে পারে।